

তানজানিয়ায় জলবায়ু পরিবর্তন কৌশলের মূলধারায় জেভার অন্তর্ভুক্তিকরণ

জেভার ক্লাইমেট চেঞ্জ কোয়ালিশন তানজানিয়া (GCCCT)

দার এস সালাম, তানজানিয়া

পটভূমি

জেভার ক্লাইমেট চেঞ্জ কোয়ালিশন তানজানিয়া (GCCCT) প্রাথমিকভাবে তিন বছরের জন্য একটি অনানুষ্ঠানিক নেটওয়ার্ক হিসাবে কাজ শুরু করেছিল এবং ২০২০ সালে এটি আনুষ্ঠানিক নিবন্ধন পেয়েছিল। প্রতিষ্ঠাতা, মারিয়া মাতুই, জোট গঠনের জন্য সাতটি নারী অধিকার সংস্থাকে আহ্বান করেছিলেন। সংস্থাটি এখন তানজানিয়ার সাতটি অঞ্চল জুড়ে বিস্তৃত এবং জলবায়ু পরিবর্তনের বিষয়ে পরামর্শ ও আইনি সহায়তা প্রদান করছে।

জিসিসিসিটি (GCCCT)-এর জন্য গ্রিপ (Gender Responsive Resilience & Intersectionality in Policy & Practice/ GRRIPP) প্রকল্প বাস্তবায়নকারী মারিয়া মাতুই একজন মানবাধিকার আইনজীবী এবং নীতি বিশ্লেষক। মারিয়া প্রিটোরিয়া বিশ্ববিদ্যালয় থেকে আফ্রিকার মানবাধিকার এবং গণতন্ত্রীকরণের আইন বিষয়ে স্নাতক ডিগ্রি নিয়েছেন। বিচার ও উন্নয়ন কর্মসূচিতে তার পনেরো বছরের অভিজ্ঞতা এবং জলবায়ু পরিবর্তন বিষয়ে পাঁচ বছরের অভিজ্ঞতা রয়েছে।

উদ্দেশ্যসমূহ

জিসিসিসিটি (GCCCT) জেভার এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে সচেতনতা বাড়ানোর চেষ্টা করে এবং প্রান্তিক অঞ্চলে বসবাসকারী নারী ও শিশুদের জীবিকার ঝুঁকিসমূহ সমাধানের উপর আলোকপাত করে।

প্রচলিত আইনি কাঠামোগুলো বিশ্লেষণ করে জোটটি এর যথাযথ উন্নয়নের মাধ্যমে সকলের অধিকার নিশ্চিত করতে ভূমিকা রাখে। সবশেষে, জেভার বৈষম্য, পরিবেশ অবক্ষয়, তহবিলের অপব্যবহার এবং সীমিত সম্পদের সঠিক ব্যবহার সম্পর্কে জ্ঞানের অভাব- এসকল বিষয় দূরীকরণে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে কাজ করে থাকে।



জিসিসিসিটি (GCCCT) তানজানিয়া হিউম্যান রাইটস ডিফেন্ডারস (THRDC) ১০ বছর পূর্তিতে তাদের কাজ প্রদর্শন করছে। বাঁ দিক থেকে সারা পিমা (HUDEFO), সোফিয়া ডোনাল্ড (SAWAU), ফ্রিদা চুওয়া (WATED), নিমা লুগাসিরা (MP), মারিয়া মাতুই (GCCCT)।

কার্যাবলি

- ইংরেজি থেকে সোয়াহিলিতে জেভার ও জলবায়ু পরিবর্তনের জাতীয় কৌশল এবং জলবায়ু সংক্রান্ত জাতীয় কৌশলের জনপ্রিয় সংস্করণের অনুবাদ।
- ২০২২ সালের অক্টোবরে সাউদার্ন আফ্রিকা সোসাইটি ফর ডিজাস্টার অ্যান্ড রিস্ক (SASDiR) এ অংশগ্রহণকারীরা একটি উপস্থাপনা করেন। উপস্থাপনাটিতে তানজানিয়ার আদিবাসী সম্প্রদায়ের নীতিমালা উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তনের সহনশীলতা বৃদ্ধির দিকগুলো তুলে ধরা হয়।
- চারটি অঞ্চলের (মোরোগোরো, ডোডোমা, আরুশা এবং মওয়ানজা) সামাজিক সংস্থা এবং নারী-নেতৃত্বাধীন দলগুলোর মধ্যে জেভার এবং জলবায়ু পরিবর্তনের জাতীয় কৌশল এবং নতুন জলবায়ু পরিবর্তনের জাতীয় কৌশল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য সেমিনার আয়োজন।
- মোরোগোরো, ডোডোমা, আরুশা এবং মওয়ানজায় পরিবেশ কর্মকর্তাদের জেলাগুলিতে জলবায়ু পরিবর্তনের জাতীয় কৌশলগুলির মূলধারায় জেভার অন্তর্ভুক্তিকরণের জন্য সেশন আয়োজন।
- জাতীয় জলবায়ু পরিবর্তন লক্ষ্য অর্জনে জেভার অন্তর্ভুক্তিকরণে সহায়তা করার জন্য ইংরেজি এবং সোয়াহিলিতে একটি সংক্ষিপ্ত নীতিমালা তৈরি।

প্রভাব

প্রকল্পটি অভিযোজন প্রাতিষ্ঠানিকীকরণের জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছে। বর্তমানে, প্রকল্পটি তানজানিয়ার প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে ঘনিষ্ঠভাবে যুক্ত হয়ে জলবায়ু পরিবর্তনের অভিযোজন এবং প্রশমনে জেভার সক্ষমতা বৃদ্ধি ও বাস্তবায়নের জন্য কাজ করছে।

জিসিসিসিটি(GCCCT)দেশের প্রথম সংস্থা যারা এধরনের পরামর্শ ও আইনি সহায়তায় নেতৃত্ব দেয়। গ্রিপ (GRRIPP) এর সহযোগিতা ছাড়া অগ্রগতি এবং প্রভাব বিস্তার সম্ভব হতো না।



মারিয়া মাতুই,
চেয়ারপারসন, জেভার
ক্লাইমেট চেঞ্জ
কোয়ালিশন
তানজানিয়া।
দার এস সালাম,
তানজানিয়া।

তানজানিয়ায় জলবায়ু পরিবর্তন কৌশলের মূলধারায় জেভার অন্তর্ভুক্তিকরণ জেভার ক্লাইমেট চেঞ্জ কোয়ালিশন তানজানিয়া (GCCCT)

Twitter: @gcctctanzania
LinkedIn: GCCTC Tanzania
Email: genderclimatechangecoalition@gmail.com
www.gripp.net/africaprojects

A project funded by 'Gender Responsive Resilience & Intersectionality in Policy & Practice' (GRRIPP) - Networking Plus Partnering for Resilience' a UKRI Collective Fund award



UK Research
and Innovation



UK Research
and Innovation

GCCTC কৌশলগত অংশীদারদের সহযোগিতায় জেভার
এবং জলবায়ু পরিবর্তন